যুগান্তর

তারিখ 24 MAY 2016
পৃষ্ঠা ... কলাম ...

প্রধান শিক্ষিকা লাঞ্ছিত

# ধামরাইয়ে দুই শিক্ষক বরখাস্ত

**ধামরাই (ঢাকা) প্রতিনিধি**

ঢাকার ধামরাইয়ের ১১নং পশ্চিম সূত্রাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ফৌজিয়া ইয়াসমিনকে লাঞ্ছিত করার ঘটনায় সহকারী শিক্ষক কানিজ নাসিমা ও সহকারী শিক্ষক মো. আক্তার হোসেনকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। সোমবার ধামরাই উপজেলা শিক্ষা অফিস ওই দুই শিক্ষককে বরখাস্ত করেছে। তবে এ ব্যাপারে পুলিশি তদন্ত অব্যাহত রয়েছে বলে জানা গেছে। তদন্ত কর্মকর্তা এসআই ভজন চন্দ্র রায় বলেন, পশ্চিম সূত্রাপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা ফৌজিয়া ইয়াসমিন শনিবার অফিস কক্ষ পরিবর্তন করে অন্য একটি কক্ষ অফিস হিসেবে নির্ধারণ করেন। এ নিয়ে সহকারী শিক্ষিকা কানিজ নাসিমা ও সহকারী শিক্ষক আক্তার হোসেনের সঙ্গে কয়েকদিন ধরে কথা কাটাকাটি হয়।